# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/১৯৩৬

তারিখঃ ০২/০৬/২০১৫ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৫৪৬ তম কমিশন সভা অদ্য ০২/০৬/২০১৫ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. কমিশন আজকের সভায় Bangladesh Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015 এর খসড়া অনুমোদন করেছে। খসড়া Rules টি জনমত আহ্বানের লক্ষ্যে ইংরেজী ও বাংলা পত্রিকা এবং কমিশনের ওয়েব সাইট (www.secbd.org/www.sec.gov.bd) এ অচিরেই প্রকাশ করার সিদ্ধান্তও গৃহীত হয়।

২. কমিশনের তদন্ত দল কর্তৃক Shahjibazar Power Company Ltd. (SPCL) এর শেয়ার লেনদেনে উদ্ঘাটিত অনিয়ম এর বিষয়ে নিম্নেবর্ণিত প্রতিষ্ঠান ও ব্যক্তির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছেঃ

ক) Prime Islami Securities Ltd. (PISL) (DSE TREC No. # 104 CSE TREC No. # 145)ঃ

i) PISL মিথ্যা ও অসত্য Net Capital Balance তৈরীর মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ করেছে;

ii) PISL তার ডিলার হিসাব, বিনিয়োগকারীদের ক্যাশ হিসাব (clients' cash account) এবং মার্জিন হিসাবে average net capital balance এর চারগুণ পর্যন্ত SPCL এর শেয়ার ক্রয় করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 6 ভঙ্গ করেছে;

iii) একক গ্রাহক (single client) কে average net capital balance এর 25% এর বেশী মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 5 ভঙ্গ করেছে;

iv) PISL গ্রাহকের হিসাবের (client's account) শেয়ার ক্রয়ের আদেশ বাস্তবায়ন না করে ডিলার হিসাবে SPCL এর শেয়ার ক্রয় করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 4(2) ভঙ্গ করেছে;

v) SPCL এর শেয়ার ক্রয়ে PISL সম্মিলিত গ্রাহক হিসাবের (Consolidated Customer Account) অর্থ ব্যবহার করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল -এ বর্ণিত আচরণবিধি ৬ ভঙ্গ করেছে;

vi) PISL ক্লায়েন্ট হিসাবে অনুমোদিত ঋণ অনুপাত রেশিও (১ঃ০.৫) এর অতিরিক্ত মার্জিন ঋণ প্রদান করে কমিশনের Directive No. SEC/CMRRCD/2009-193/135; Dated: 30/09/2012 ভঙ্গ করেছে; এবং

vii) PISL প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্ন পক্ষকে SPCL এর শেয়ার ক্রয়ে সম্পৃক্ত করে। ফলে বাজারে উক্ত শেয়ারের কৃত্রিম চাহিদা সৃষ্টি হয়, লেনদেনযোগ্য শেয়ারের ঘাটতি দেখা দেয় এবং শেয়ারের মূল্য বৃদ্ধি ঘটে। এই ধরণের কাজে সম্পৃক্ততার মাধ্যমে PISL, Securities and Exchange Ordinance, 1969 এর Section 17(e)(v) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল -এ বর্ণিত আচরণবিধি ৬ ও ৭ ভঙ্গ করেছে।

উপরে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ পরিপালন না করায় কমিশন, PISL -কে ২.৫০ কোটি টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এছাড়াও উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ৩ (তিন) মাসের মধ্যে পরিপালন করে কমিশনকে অবহিত করার নির্দেশ প্রদান করারও সিদ্ধান্ত গ্রহণ করেছে।



ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

খ) PFI Securities Ltd. (DSE TREC No. # 79 CSE TREC No. # 95)ঃ

i) SPCL এর শেয়ার ক্রয়ে PFI Securities Ltd. সম্মিলিত গ্রাহক হিসাবের (Consolidated Customer Account) অর্থ ব্যবহার করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল -এ বর্ণিত আচরণবিধি ৬ ভঙ্গ করেছে;

ii) PFI Securities Ltd. প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্ন পক্ষ এবং সহযোগী প্রতিষ্ঠান (sister concern) -কে SPCL এর শেয়ার ক্রয়ে সম্পৃক্ত করে, ফলে বাজারে উক্ত শেয়ারের কৃত্রিম চাহিদা সৃষ্টি হয়, লেনদেনযোগ্য শেয়ারের ঘাটতি দেখা দেয় এবং মূল্য বৃদ্ধি ঘটে। এই ধরণের কাজে সম্পৃক্ততার মাধ্যমে PFI Securities Ltd., Securities and Exchange Ordinance, 1969 এর Section 17(e)(v) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল -এ বর্ণিত আচরণবিধি ৬ ও ৭ ভঙ্গ করেছে; এবং

iii) PFI Securities Ltd. ক্লায়েন্ট হিসাবে অনুমোদিত ঋণ অনুপাত রেশিও (১ঃ০.৫) এর অতিরিক্ত মার্জিন ঋণ প্রদান করে কমিশনের Directive No. SEC/CMRRCD/2009-193/135; Dated: 30/09/2012 ভঙ্গ করেছে।

উপরে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ পরিপালন না করায় কমিশন PFI Securities Ltd. -কে ১.৫০ কোটি টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

গ) Prime Finance Capital Management Ltd. (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার)ঃ

i) Prime Finance Capital Management Ltd. প্রত্যক্ষ কিংবা পরোক্ষভাবে বিভিন্ন পক্ষকে SPCL এর শেয়ার ক্রয়ে সম্পৃক্ত করে। ফলে বাজারে উক্ত শেয়ারের কৃত্রিম চাহিদা সৃষ্টি হয়, লেনদেনযোগ্য শেয়ারের ঘাটতি দেখা দেয় এবং মূল্য বৃদ্ধি ঘটে। এই ধরণের কাজে সম্পৃক্ততার মাধ্যমে Prime Finance Capital Management Ltd., Securities and Exchange Ordinance, 1969 এর Section 17(e)(v) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৫ (২) (ঢ) এবং (ণ) ভঙ্গ করেছে; এবং

ii) Prime Finance Capital Management Ltd. ক্লায়েন্ট হিসাবে অনুমোদিত ঋণ অনুপাত রেশিও (১ঃ০.৫) এর অতিরিক্ত মার্জিন ঋণ প্রদান করে কমিশনের Directive No. SEC/CMRRCD/2009-193/136; Dated: 30/09/2012 ভঙ্গ করেছে।

উপরে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ পরিপালন না করায় কমিশন Prime Finance Capital Management Ltd. -কে ২০.০০ লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ঘ) AIBL Capital Market Services Ltd. (DSE TREC No. 234)ঃ

AIBL Capital Market Services Ltd. ক্লায়েন্ট হিসাবে অনুমোদিত ঋণ অনুপাত রেশিও (১ঃ০.৫) এর অতিরিক্ত মার্জিন ঋণ প্রদান করে কমিশনের Directive No. SEC/CMRRCD/2009-193/135; Dated: 30/09/2012 ভঙ্গ করেছে। উক্ত আইন ভঙ্গ করায় AIBL Capital Market Services Ltd. -কে কমিশন ১.০০ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ঙ) Sharp Securities Ltd. (DSE TREC No # 216)ঃ

i) Sharp Securities Ltd. ডিলার হিসাব, বিনিয়োগকারীদের (clients' cash account) ক্যাশ হিসাব এবং মার্জিন হিসাবে তাদের average net capital balance এর ১০০% এর বেশী SPCL এর শেয়ার ক্রয় করার মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 6 ভঙ্গ করেছে; এবং

ii) Sharp Securities Ltd. ক্লায়েন্ট হিসাবে অনুমোদিত ঋণ অনুপাত রেশিও (১ঃ০.৫) এর অতিরিক্ত মার্জিন ঋণ প্রদান করে কমিশনের Directive No. SEC/CMRRCD/2009-193/136; Dated: 30/09/2012 ভঙ্গ করেছে।

উপরে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ পরিপালন না করায় কমিশন Sharp Securities Ltd. -কে ২.০০ লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।



ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd

চ) BLI Capital Ltd. (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার)ঃ

BLI Capital Ltd. ক্লায়েন্ট হিসাবে অনুমোদিত ঋণ অনুপাত রেশিও (১ঃ০.৫) এর অতিরিক্ত মার্জিন ঋণ প্রদান করে কমিশনের Directive No. SEC/CMRRCD/2009-193/136; Dated: 30/09/2012 ভঙ্গ করেছে। উক্ত আইন ভঙ্গ করায় BLI Capital Ltd. -কে কমিশন ১.০০ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ছ) GETCO Telecommunication Ltd. (GTL) (Client of PISL)ঃ

GTL প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে লেনদেনযোগ্য SPCL এর উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার ক্রয় এবং তা সংরক্ষণের মাধ্যমে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করে, যা SPCL এর শেয়ার মূল্য বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখে। GTL এর বর্ণিত কার্যক্রম Securities and Exchange Ordinance, 1969 এর Section 17(e)(v) এর পরিপন্থি। উক্ত আইন ভঙ্গ করায় GTL -কে কমিশন ৫.০০ লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

জ) LIBRA Trading Corporation (Client of PISL):

LIBRA Trading Corporation প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে লেনদেনযোগ্য SPCL এর উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার ক্রয় এবং তা সংরক্ষণের মাধ্যমে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করে যা SPCL এর শেয়ার মূল্য বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখে। উক্ত প্রক্রিয়ার মাধ্যমে LIBRA Trading Corporation বিপুল অংকের মুনাফা অর্জন করেছে। LIBRA Trading Corporation এর বর্ণিত কার্যক্রম Securities and Exchange Ordinance, 1969 এর Section 17(e)(v) এর পরিপন্থি। উক্ত আইন ভঙ্গ করায় LIBRA Trading Corporation -কে কমিশন ২.০০ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ঝ) Mr. Golam Mahiuddin (Client of Sharp Securities Limited; Unicap Investment Limited; and Prime Finance Capital Management Limited respectively):

Mr. Golam Mahiuddin প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে লেনদেনযোগ্য SPCL এর উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার ক্রয় এবং তা সংরক্ষণের মাধ্যমে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করেন, যা SPCL এর শেয়ার মূল্য বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখে। উক্ত প্রক্রিয়ার মাধ্যমে Mr. Golam Mahiuddin বিপুল অংকের মুনাফা অর্জন করেছেন। Mr. Golam Mahiuddin এর বর্ণিত কার্যকলাপ Securities and Exchange Ordinance, 1969 এর Section 17(e)(v) এর পরিপন্থি। উক্ত আইন ভঙ্গ করায় Mr. Golam Mahiuddin -কে কমিশন ১০.০০ লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ঞ) Dr. Md. Amzad Hossain Fakir (Client of PFI Securities Ltd.):

SPCL এর শেয়ার ক্রয়-বিক্রয় -এ সিকিউরিটিজ সংক্রান্ত আইন ভঙ্গ করায় Dr. Md. Amzad Hossain Fakir -কে কমিশন সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ট) Petromax Refinery Ltd. (PRL):

i) PRL [SPCL কর্তৃক ৯৮ শতাংশ শেয়ার ধারণকারী সহযোগী প্রতিষ্ঠান (subsidiary co.)] কর্তৃক কমিশনে পুঁজি উত্তোলনের (Capital raising) আবেদনে নগদে পুঁজি উত্তোলনের প্রস্তাব করলেও পরবর্তীতে নগদ এবং ঋণ সমন্বয়ের মাধ্যমে পুঁজি উত্তোলন করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ করেছে;

ii) এছাড়াও কমিশন কর্তৃক অনুমোদিত সময়ের মধ্যে পুঁজি উত্তোলন না করে PRL পরবর্তীতে কমিশনের অনুমোদন ছাড়া পুঁজি উত্তোলন করেছে। ফলশ্রুতিতে PRL, Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001 এর Rule 3 এবং Rule 4 ভঙ্গ করেছে; এবং

iii) PRL বিভিন্ন প্রতিষ্ঠান থেকে গৃহীত ঋণের সুদ যথাযথভাবে আর্থিক হিসাব বিবরণীতে গণণা না করে মুনাফা অতিরিক্ত দেখিয়েছে (porfit overstated), যা SPCL এর সমন্বিত আর্থিক হিসাব বিবরণীতেও প্রতিফলিত হয়েছে। ফলশ্রুতিতে SPCL এর শেয়ার প্রতি আয় (EPS) overstated হয়েছে এবং বিনিয়োগকারীরা বিভ্রান্ত হয়েছেন। PRL তথা SPCL এর বর্ণিত কার্যক্রম Securities and Exchange Rules, 1987 এর Rule 12(2) এর পরিপন্থী।

উপরে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, PRL এর প্রত্যেক পরিচালককে (যদি স্বতন্ত্র পরিচালক থাকেন তিনি ব্যতিত) ১০.০০ লক্ষ টাকা করে এবং ব্যবস্থাপনা পরিচালককে ৫.০০ লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

পাতা-৩/৪

ঠ) Mr. Abul Kalam Eajdani (CEO of PISL); Mr. Golam Mostofa (Client of AIBL Capital Market Services Ltd.); Mrs. Nasima Akter Lata (Client of Vision Capital Management Ltd.); and Star Share Bazar Ltd. (Corporate Client of PISL):

i) জনাব আবুল কালাম ইয়াজদানী কর্তৃক BO হিসাব পরিচালন সংক্রান্ত বিষয়ে কমিশনকে মিথ্যা তথ্য প্রদান করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ করেছেন; এবং

ii) জনাব আবুল কালাম ইয়াজদানী, জনাব গোলাম মোস্তফা, মিসেস নাসিমা আক্তার লতা এবং স্টার শেয়ার বাজার লিঃ কর্তৃক প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে লেনদেনযোগ্য SPCL এর উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার ক্রয় এবং তা সংরক্ষণের মাধ্যমে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করে শেয়ার মূল্য বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখেন। জনাব আবুল কালাম ইয়াজদানী, জনাব গোলাম মোস্তফা, মিসেস নাসিমা আক্তার লতা এবং স্টার শেয়ার বাজার লিঃ এর বর্ণিত কার্যক্রম Securities and Exchange Ordinance, 1969 এর Section 17(e)(v) এর পরিপন্থি।

উপরে বর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য বর্ণিত ব্যক্তিবর্গ এবং প্রতিষ্ঠানের বিরুদ্ধে কমিশন, "স্পেশাল ট্রাইবুনাল" -এ মামলা দায়েরের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ড) SPCL এর প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (CFO) তৃতীয় প্রান্তিকের (Q3) আর্থিক বিবরণীতে (৩১ মার্চ, ২০১৪ সময়ের) Deferred Revenue Expenditure গণণায় বাংলাদেশ একাউন্টিং স্ট্যান্ডার্ড BAS-8 (paragraph 41-49), 16, 23 এবং 38 পরিপালনে ব্যর্থ হয়েছেন। উল্লেখিত ব্যর্থতার জন্য কমিশন SPCL এর CFO -কে ৩ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

উল্লেখ্য যে, ইতোপূর্বে ৫৩০তম কমিশন সভায় ২০১৪ সালের ৩১শে মার্চ সময়ের তৃতীয় প্রান্তিকের অনিরীক্ষিত আর্থিক বিবরণীতে অসত্য তথ্য সরবরাহের জন্য SPCL এর প্রত্যেক পরিচালককে ১০ লক্ষ টাকা এবং ব্যবস্থাপনা পরিচালককে ৫ লক্ষ টাকা জরিমানা ধার্য করা হয়।

02/05/2015

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd